মেহেরপুর জেলা জাতীয় পার্টি ৩৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

১লা জানুয়ারি জাতীয় পার্টি ৩৭ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা মাহফিলের আয়োজন করা হয়। রবিবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টি প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ সুমন পারভেজের সভাপতিত্বে পৌর জাতীয় পার্টি সাধারণ সম্পাদক মোঃ হামিদুল ইসলামের সঞ্চালন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক আব্দুল হাদী।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য সাইফুল ইসলাম সেলিম। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির জাতীয় মৎস্যজীবী পার্টি যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল বাকী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি খেলাফত আলী, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টি সাধারণ সম্পাদক আরিফ বিল্লাহ, সদর উপজেলা জাতীয় পার্টি সাধারণ সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টি সাধারণ সম্পাদক ফারুক মল্লিক, সদর উপজেলা জাতীয় পার্টি সাধারণ সম্পাদক খায়রুল বাশার মিঠু, গাংনী পৌর জাতীয় পার্টি সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, কুতুবপুর ইউনিয়ন জাতীয় পার্টির সভাপতি আনছারুল ইসলাম, মেহেরপুর জেলা জাতীয় সংস্কৃতি পার্টি আহ্বায়ক ইনছান আলী, শ্যামপুর ইউনিয়ন জাতীয় পার্টি সাধারণ সম্পাদক মোঃ রাহিন আলী সহ বিভিন্ন নেতাকর্মে উপস্থিত ছিল। এরপর কেক কেটে মেহেরপুর জেলা জাতীয় পার্টি ৩৭তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

মেহেরপুর আমঝুপিতে জাতীয় সমবায় দিবস উদযাপন

“বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন” প্রতিপাদ্য বিষয়ের উপর জাতীয় সমবায় দিবস ২০২২ইং উদযাপন উপলক্ষে আমঝুপি মউক হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এএলআরডি এর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক সোমবার সকাল ১০ টার দিকে এ সভার আয়োজন করে।

মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) নীলা হাফিয়া। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলার সমাজসেবা অফিসার মোঃ আনিছুর রহমান।

স্বাগত বক্তব্য রাখেন প্রকল্পের এ্যানিমেটর সাহিনুর রহমান সভায় সমবায় গঠন এর লক্ষ উদ্দেশ্য আদর্শ ফলাফল প্রান্তিক জনগোষ্ঠীর সমবায়ের সুযোগ সুবিধাসহ সরকারী সেবা বিভাগের সাথে সেবা গ্রহিতাদের সেতুবন্ধ নিয়ে বিশাদ আলোচনা করা হয়।

এসময় এলাকার বিভিন্ন সমবায় দলের প্রতিনিধি গণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাদ আহম্মেদ মানবাধিকার কর্মী।

মুজিবনগরে জাঁকজমকপূর্ণভাবে মীনা দিবস উদযাপন

মুজিবনগরে আড়ম্বরপূর্ণভাবে পালিত হলো মিনা দিবস।এ উপলক্ষ্যে বর্নাঢ্য শোভাযাত্রা, গল্প শোনানো এবং শিশুদের সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়।

‘নিরাপদ ও আনন্দময় পরিবেশে মানসম্মত শিক্ষা’-এ স্লোগাণকে ধারণ করে মুজিবনগর উপজেলা প্রশাসন ও শিক্ষা অফিসের উদ্যোগে শনিবার

সকাল সাড়ে ১০ টায় উপজেলা চত্বর থেকে একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি উপজেলা সদরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয়।

শোভাযাত্রায় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) ওবাইদুল্লাহ, উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দীন, উপজেলা সহকারী শিক্ষা অফিসার এহসানুল হাবিব এবং আলাউদ্দীনসহ বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক – অভিভাবকবৃন্দ ও বিপুল সংখ্যক শিক্ষার্থী।

শোভাযাত্রা শেষে উপজেলা পরিষদ হল রুমে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান ও শেখ রাসেল দিবস উপলক্ষ্যে শিশু একাডেমি আয়োজিত প্রাথমিক স্তরের চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতারও আয়োজন করা হয়।

প্রতিযোগীতা শেষে প্রতিযোগিতার সেরাদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

মুজিবনগরে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন

“শিশুকে বুকের দুধ খাওয়ানোর জন্য এগিয়ে আসুন: শেখান ও সহযোগিতা করুন” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০২২ উদযাপন করা হয়েছে।

মেহেরপুর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট, গুড নেইবারস বাংলাদেশ বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন উপলক্ষে সোমবার বিকেলে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গনে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সিডিপি ম্যানেজার বিভব দেওয়ান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল

অফিসার ডাক্তার সুপ্রিয়া গুপ্তা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিডিপি এর মেডিকেল অফিসার ডা: ইয়াসিন আল বাশার, সিডিপি এর সি.অফিসার এস এম রিফাত আল- মাহমুদ।

বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ পালন উপলক্ষে আলোচনা সভায় বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ এর তাৎপর্য গুরুত্ব, শিশুকে বুকের দুধ খাওয়ানোর নিয়ম। শিশুকে দুধ খাওয়ানোর সময়। বুকের দুধ খাওয়ানোর উপকারিতা সম্পর্কে উপস্থিত মায়েদের কে পরামর্শ দেওয়া হয়।

অনুষ্ঠান শুরুর আগে সিডিপি ম্যানেজার বিভব দেওয়ান এর নেতৃত্বে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে মানুষকে সচেতন করতে একটি র্যালি বের করা হয়।

বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন অনুষ্ঠানে এলাকার ৭৫ জন মা অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি সার্বিক সঞ্চালনায় ছিলেন সিডিপির এস এস সাপোর্টার সজীব হোসেন।

গাংনীতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছার জন্মদিন উদযাপন

মেহেরপুরের গাংনীতে বঙ্গমাতা বেগম শেখ ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২ তম জন্মদিন উদযাপন উপলক্ষে আলোচনাসভা ও দোয়া মহাফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার সময় গাংনী উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর অনুষ্ঠানের আয়োজন করে।

উপজেলা সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পদক এমএ খালেক। বিশেষ অতিথি ছিলেন সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

এসময় গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা লাভলী খাতুনসহ সরকারি সকল

দপ্তরের কর্মকর্তাবৃন্দ,গাংনী প্রেসক্লাব সাধারণ সম্পাদক মাহাবুব আলম,মহিলা বিষয়ক কার্যালয়ের সকল কর্মকর্তা কর্মচারি,বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে দোয়া পরিচালানা করেন উপজেলা জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা রুহুল আমিন।